



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০৩০.২২- ৫০০(৭)

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

অফিস আদেশ


যেহেতু, জনাব তমা রায়, প্রধান শিক্ষক, ১৪৫ নং পশ্চিম শশিকর ওয়াপদারপাড় সপ্রাবি, কালকিনি, মাদারীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক অসদাচরণ ও পলায়নের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল না করায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁকে “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)” গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেননি;

সেহেতু, জনাব তমা রায়, প্রধান শিক্ষক, ১৪৫ নং পশ্চিম শশিকর ওয়াপদারপাড় সপ্রাবি, কালকিনি, মাদারীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়নের” অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)” গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মীর্জা মোঃ হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
ফোন: ০২-৫৮০৫৩৩৬৭

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০৩০.২২- ৫০০(৭)

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর (পদটি শূণ্য ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কালকিনি, মাদারীপুর।
- ৬। জনাব তমা রায়, পিতা-সুরেন্দ্র নাথ রায়, স্বামী- সুশীল কুমার বিশ্বাস, গ্রাম-শশিকর, ডাকঘর-শশিকর, উপজেলা-কালকিনি, জেলা-মাদারীপুর।
- ৭। সংরক্ষণ নথি।


(মোসাম্মদ রেখিসানা হায়দার)

সহকারী পরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
০২-৫৮০৫৪৮৯৯